ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-১
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফইপিডি-১ সার্কুলার পত্র নম্বর-১৪

তারিখ: ভাদ্র ১৫, ১৪৩৩ / আগস্ট ৩০, ২০২৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

**শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংকে যে সকল এলসি নগদায়ন করা হবে তা থেকে মোট রপ্তানি মূল্যের ০.০৩% অর্থ লিয়েন ব্যাংক কর্তৃক কর্তনপূর্বক সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় "Central Fund (RMG Sector)" নামীয় এসএনডি হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগের ১২ জুন, ২০১৬ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২২০/ ২০১৬-১৮ এবং এতদ্‌বিষয়ে পরবর্তীতে ২৮ আগস্ট, ২০১৬ তারিখে জারিকৃত পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৬-৭৩৭৪; ২৭ ডিসেম্বর, ২০১৬ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৬-৩৩; ২৯ মে, ২০১৮ তারিখে জারিকৃত পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৮-৪৯৪৮ ও ০৫ অক্টোবর, ২০২০ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং-৩৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্দেশনার সূত্রে জারিকৃত উল্লিখিত নির্দেশনায় শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানের প্রতিটি কার্যাদেশের বিপরীতে প্রাপ্ত এবং নগদায়নকৃত রপ্তানি মূল্যের ০.০৩% হারে অর্থ কর্তন করতঃ সোনালী ব্যাংক লিমিটেড, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় 'সিআরএমজি সেক্টর' শীর্ষক হিসাবের (সংশোধিত হিসাব নং-৪৪২৬৩৩৬০০১০১৮) অনুকূলে স্থানান্তর করা এবং জমাদানকারী প্রতিষ্ঠানের নামসহ কেন্দ্রীয় তহবিলে জমাকৃত অর্থের প্রতিবেদন কেন্দ্রীয় তহবিল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ভবন নং-০৬, ২১ তম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় প্রেরণের জন্য বলা হয়। উক্ত নির্দেশনা সুষ্ঠুভাবে পরিপালন করে প্রত্যাবাসিত রপ্তানিমূল্যের ০.০৩% অর্থ সকল ব্যাংক কর্তৃক কেন্দ্রীয় তহবিলে জমা করার কথা। কিন্তু দেশের মোট রপ্তানিমূল্যের ভিত্তিতে ০.০৩ শতাংশ হারে কর্তনযোগ্য অর্থের তুলনায় বর্তমানে কেন্দ্রীয় তহবিলে প্রাপ্ত অর্থের পরিমাণ কম মর্মে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আগস্ট ১২, ২০২৬ তারিখের ডিও পত্র নম্বর-৪০.০৬.০০০০.০০৭.০৩.০০২.২২-২৬৮ (কপি সংযুক্ত) এর মাধ্যমে জানানো হয়েছে।

বর্ণিত প্রেক্ষাপটে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ডিও লেটারের চাহিদা অনুযায়ী বাধ্যতামূলকভাবে রপ্তানিমূল্যের ০.০৩% হারে অর্থ কর্তনপূর্বক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন সেন্ট্রাল ফান্ড (RMG Sector)-এ জমা করে জমাকৃত অর্থের প্রতিবেদন কেন্দ্রীয় তহবিল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ভবন নং-০৬, ২১ তম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় প্রেরণের জন্য আপনাদের নির্দেশনা দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী: বর্ণনা মোতাবেক

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি-১)
ফোন নম্বর: ৯৫৩০১২৩

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডিও পত্র নম্বর-৪০.০৬.০০০০.০০৭.০৩.০০২.২২-২৬৮

তারিখঃ ২৮ শ্রাবণ ১৪৩৩ / ১২ আগষ্ট ২০২৬

প্রিয় মহোদয়,

সালাম ও শুভেচ্ছা নিবেন। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সর্বশেষ সংশোধিত ২০২৬)-এর ২৩২ (৩) ধারা অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে কেন্দ্রীয় তহবিল গঠিত হয়েছে। বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ (সংশোধিত ২০২২)-এর ২১৪ (১) নম্বর অনুচ্ছেদ অনুযায়ী, শতভাগ রপ্তানিমুখী সকল শিল্প প্রতিষ্ঠানের প্রতিটি এলসি নগদায়নের সময় রপ্তানিমূল্যের ০.০৩% অর্থ সংশ্লিষ্ট ব্যাংকগুলো কর্তনপূর্বক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কেন্দ্রীয় তহবিলের 'সিআরএমজি সেক্টর' নামক হিসাব (হিসাব নং- ০৪৪২৬৩৩৬০০১০১৮), সোনালি ব্যাংক, পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় জমা করার বিধান রয়েছে।

শতভাগ রপ্তানিমুখী শিল্প কারখানায় কর্মরত কোনো শ্রমিক কর্মক্ষেত্রে দুর্ঘটনাজনিত কারণে অথবা পেশাগত দায়িত্ব পালনকালে মৃত্যুবরণ করলে এবং কর্মক্ষেত্রে দুর্ঘটনাজনিত অথবা পেশাগত দায়িত্বরত অবস্থায় রোগে আক্রান্ত হয়ে স্থায়ী অক্ষম হলে কেন্দ্রীয় তহবিলের মাধ্যমে অনুদান প্রদান করা হয়ে থাকে। এছাড়া শ্রমিকের মেধাবী সন্তানকে শিক্ষা বৃত্তি প্রদানসহ শতভাগ রপ্তানিমুখী শিল্প খাতে কর্মরত মহিলা শ্রমিকের মাতৃত্ব কল্যাণে কেন্দ্রীয় তহবিলের অর্থ অনুদান হিসেবে প্রদান করা হয়।

ইত:পূর্বে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে বাংলাদেশ ব্যাংক-কে ০৫/১০/২০২০ তারিখে প্রেরিত ডিও লেটার-এর প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক সকল তফসিলী ব্যাংকে বিষয়টি প্রতিপালনের জন্য নির্দেশনা জারি করে (কপি সংযুক্ত)। বাংলাদেশ ব্যাংক-এর পত্রের প্রেক্ষিতে অধিকাংশ ব্যাংকই নির্দেশনাটি সুষ্ঠুভাবে পালন করত কেন্দ্রীয় তহবিলে রপ্তানিআয়ের ০.০৩% অর্থ জমা করে আসছে। কিন্তু দেশের মোট রপ্তানিমূল্যের ভিত্তিতে ০.০৩ শতাংশ হারে কর্তনযোগ্য অর্থের তুলনায় বর্তমানে কেন্দ্রীয় তহবিলে প্রাপ্ত অর্থের পরিমাণ কম মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, শতভাগ রপ্তানিমুখী গার্মেন্টস শিল্প সেক্টরসংশ্লিষ্ট সকল লিয়েন ব্যাংক কর্তৃক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন সেন্ট্রাল ফান্ড (RMG Sector) এ রপ্তানিমূল্যের ০.০৩% হারে অর্থ জমাদান বাধ্যতামূলক করে নিয়মিত প্রতিবেদন প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

শুভেচ্ছান্তে —

আন্তরিকভাবে আপনার

১২/০৮/২০২৬

(মোঃ আব্দুর রহমান তরফদার)

জনাব মোঃ মোস্তাকুর রহমান
গভর্নর, বাংলাদেশ ব্যাংক